দৈনিক সংবাদ

২৫

তারিখ ...05 SEP 1988
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

৩৪



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য সহযোগিতার আহ্বান

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৪ঠা সেপ্টেম্বর।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আলমগীর মোঃ সেরাজুদ্দীন শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে গৃহীত পদক্ষেপ কার্যকর করতে সকল ছাত্রকে এগিয়ে আসার জন্য আহ্বান জানিয়েছেন।

আজ দুপুরে উপাচার্যের কার্যালয়ে ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দের সাথে এক বৈঠকে উপাচার্য সকল দাবী-দাওয়া বিবেচনার আশ্বাস দেন। সংগ্রাম পরিষদ অবিলম্বে বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাসীদের বহিষ্কার ও অস্ত্র উদ্ধারসহ ৮ দফা দাবী কার্যকর করার আহবান জানায়।

এর আগে সকালে রেলষ্টেশন চত্বরে এক বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়।